

GOBARDANGA HINDU COLLEGE

PINKAN BISWAS

B.A. (General)

Subject : BENGALI

Semester-ii, Unit-3

১) (ক)আদি স্বরাগম কাকে বলে?

উঃ শব্দের আদিতে যুক্ত ব্যঞ্জন থাকলে , কখনো কখনো তার উচ্চারণ সৌকর্ষের জন্য তার আগে একটা স্বরধ্বনির আগম ঘটে । তাকেই আদি স্বরাগম বলে। যেমন -স্পর্ধা> আস্পর্ধা, স্কুল >ইস্কুল ।

(খ) সমাক্ষর লোপঃ পাশাপাশি অবস্থিত দুটি সমাক্ষর বা সমধ্বনি একটি লোপ পেলে তাকে সমাক্ষর লোপ বলে ।যেমন- বড়দাদা> বড়দা ,ছোটকাকা> ছোটকা ।

(গ) স্বরধ্বনি কাকে বলে ?

উঃ যে ধ্বনি মানুষের গলা থেকে স্বাভাবিকভাবে সস্মূর্ন ও সুস্পষ্ট উচ্চারিত হয়,তাকে স্বরধ্বনি বলে। যেমন -অ ,আ,ই, ঈ প্রভৃতি ।

শব্দার্থ তত্ত্ব কাকে বলে ? শব্দার্থ পরিবর্তনের কারনগুলি লেখ?

শব্দার্থ তত্ত্বঃ অর্থযুক্ত ধ্বনি সমষ্টিই হল শব্দ।সুতরাং শব্দ মাত্রেরই অর্থ থাকবে। ভাষার মধ্যে শব্দের অর্থ -পরিবর্তনের বিচিত্র রূপরেখা ভাষাবিজ্ঞানের যে শাখায় আলোচিত হয় তাকে শব্দার্থ তত্ত্ব বলে ।

শব্দার্থ পরিবর্তনের কারণঃ

(১) ভিন্ন পরিবেশগত কারণ। উদাহরণ - কলু = কলুজাতি > তৈল পেষণ যন্ত্র > পেষণ যন্ত্র ।

(২) ভিন্ন ভাষাগত কারণ। উদাহরণ- মুর্গা = -বাংলায় মোরগ > -যে কোন পাখি।

(৩) মানব গোষ্ঠীগত কারণ। উদাহরণ- নীল = বাঙ্গালীরা নীল রংকে বোঝে > গুজরাটীরা নীল অর্থে সবুজ রং কে বোঝে।

(৪) কাল ব্যবধান জনিত কারণ। উদাহরণ - বিবাহ = বিশেষ বাহন > পরিণয় ।

(৫) অর্থনীতির পরিবর্তনগত কারণ উদাহরণ - ঝি = কন্যা > কাজের মেয়ে।

(৬) সংস্কারগত ও প্রথাগত কারণ। উদাহরণ - Mother = মা > সমভ্রান্ত নারী। লতা = সাপ ।

(৭) অসর্তকতা বা অজ্ঞতা - জনিত কারণ। উদাহরণ- পাষনড = সন্ন্যাসি > নিষ্ঠুর ।

(৮) শব্দ সংক্ষেপ জনিত কারণ। উদাহরণ - নিউজ পেপার > পেপার।

(৯) প্রসঙ্গ পরিবর্তন জনিত কারণ। উদাহরণ - মুখে আনা = কথা বলা ।

(১০) অতিশয়িত ব্যবহার জনিত কারণ। উদাহরণ - দা, দিদি, বাবু মা

ধ্বনি পরিবর্তনের কারনগুলি লেখ?

ধ্বনি পরিবর্তনের কারনঃ

- (১) বক্তার বাগযন্ত্রের এটি। যেমন - আমাকে দুটো ভাত দাও > আমাকে দুটো বাট দাও ।
 - (২) শ্রোতার অনুকরণের এটি। যেমন - কোদাল > কুদাল, খুন্টি > খুরপি ।
 - (৩) শ্রোতার শ্রবন যন্ত্রের এটি । যেমন- শ্রোতা কালা হলে , বক্তার কথা সে অবিকৃতভাবে শুনতে পায় না ।
 - (৪) দ্রুত উচ্চারণ ঘটিত এটি । যেমন - কোথা থেকে এলি ? > কোথেকে এলি ?
 - (৫) সহজ উচ্চারণ প্রবণতা । যেমন- জন্ম > জন্ম , কর্ম > কন্ম ।
 - (৬) আবেগময়তা । যেমন - মামা > মামু , কাকা > কাকু । অবস্থান
 - (৭) শ্বাসাঘাত জনিত পরিবর্তন । যেমন- গামোছা > গামছা , সকল > সঙ্কল ।
 - (৮) লোকনিরুক্তি জনিত পরিবর্তন । যেমন- আর্মচেয়ার > আরামচেয়ার , হাসপিটাল > হাঁসপাতাল ।
 - (৯) ছন্দের লালিত্য সৃষ্টি জনিত পরিবর্তন । যেমন- " বাজিয়ে রবি তোমার বীণে / আনল মালা জগৎ জিনে । " - অতুল প্রসাদ । " বাজে পুরবীর ছন্দে রবির শেষ রাগিণীর বীণ " - রবীন্দ্রনাথ ।
 - (১০) ভৌগোলিক অবস্থান, জলবায়ু ও পরিবেশগত পরিবর্তন । যেমন - পুরুলিয়ায় পেথ্যা > বর্ধমানে পেথে বলে।
-